দৈনিক বাংলা

তারিখ 2 SEP 1989
পৃষ্ঠা ... ৫ ... কলাম ... ১

দৈনিক বাংলা

ঢাকা : শনিবার, ১৪ই ভাদ্র, ১৩৯৬ : ২রা সেপ্টেম্বর, ১৯৮৯

# গ্রামে শিক্ষকতা : মহিলা কোটা

শিক্ষামন্ত্রী শেখ শহীদুল ইসলাম জানিয়েছেন, গ্রামাঞ্চলে শিক্ষকদের চাকরির ৬০ শতাংশ মহিলাদের জন্যে সংরক্ষণ করা হবে। এ সিদ্ধান্তের উদ্দেশ্য ব্যাখ্যা করে শিক্ষামন্ত্রী বলেন, সরকার শিক্ষিত মহিলাদের কর্মসংস্থান এবং শিক্ষার প্রসারে মহিলাদের ভূমিকা নিশ্চিত করতে চান।

শিক্ষামন্ত্রীর এ ঘোষণাকে আমরা স্বাগত জানাই। আমাদের দেশে সার্বিক অনগ্রসরতার মধ্যে নারী সমাজ আরও বেশী অনগ্রসর। জনসংখ্যার এই অর্ধাংশ কর্মক্ষেত্রে পিছিয়ে পড়ে থাকলে দেশ ও সমাজের উন্নয়ন বিঘ্নিত হতে বাধ্য। শিক্ষা এবং কর্মসংস্থানই কেবল নারী সমাজকে পরিপূর্ণ মুক্তি দিতে পারে এবং নারী মুক্তি সমাজ প্রগতির জন্যেই একান্তভাবে প্রয়োজন।

গ্রামাঞ্চলে শিক্ষকদের চাকরির ৬০ শতাংশ মহিলাদের জন্যে সংরক্ষিত করতে হলে নারী শিক্ষার ওপর যে বিশেষ জোর দিতে হবে একথা বলার অপেক্ষা রাখে না। কিন্তু শিক্ষাক্ষেত্রে মেয়েরা বেশ পিছিয়ে আছে। এ কারণেই নারী শিক্ষার সুযোগও সম্প্রসারিত করতে হবে। মেয়েদের জন্যে দেশে আরও স্কুল, আরও কলেজ, বিশ্ববিদ্যালয়ে আরও বেশী আসন এবং অর্থনৈতিক সুযোগ-সুবিধা প্রদান করা দরকার।

এ প্রসঙ্গে আমরা একটি বিষয়ের প্রতি শিক্ষা মন্ত্রণালয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাই। আমাদের দেশে উপযুক্ত শিক্ষক গড়ে তোলার প্রয়োজনে নারী পুরুষ নির্বিশেষে সবার জন্যে উচ্চশিক্ষার সুযোগ সম্প্রসারিত করা দরকার। কারিগরি ও বিজ্ঞান শিক্ষার প্রয়োজন বেশী, কিন্তু সাধারণ শাখায় উচ্চ শিক্ষার প্রয়োজন ফুরিয়েছে, একথা মনে করার কোন কারণ নেই। বিশ্ববিদ্যালয় থেকে যত বেশী ছাত্র উচ্চ ডিগ্রী নিয়ে বার হবে, গ্রাম-মফস্বলের স্কুল-কলেজগুলিতে তত বেশী সংখ্যক উচ্চ ডিগ্রীধারী শিক্ষক পাওয়া যাবে। পর্যাপ্ত সংখ্যায় উপযুক্ত শিক্ষক তৈরী করতে হলে বিশ্ববিদ্যালয়গুলিতে সাধারণ শিক্ষার সুযোগ আরও সম্প্রসারিত করতে হবে। বিজ্ঞান ও কারিগরি শিক্ষা অর্থকরী সন্দেহ নেই কিন্তু সাধারণ শিক্ষাও কম অর্থবহ নয়।

আমাদের মনে হয়, শিক্ষানীতিতে বৃত্তিমূলক ও কারিগরি শিক্ষার ওপর বিশেষ জোর দিতে গিয়ে সাধারণ শিক্ষার এই গুরুত্বপূর্ণ ভূমিকা কিছুটা উপেক্ষিত হচ্ছে। একথা মনে রাখতে হবে যে দেশ ও সমাজের অগ্রগতির জন্যে আরও অনেক বেশী শিক্ষক, অনেক বেশী সাধারণ ডিগ্রীধারী মানুষের প্রয়োজনীয়তা রয়েছে। সীমিত সংখ্যক আসন নিয়ে এদেশের বিশ্ববিদ্যালয়গুলি সে চাহিদা পূরণ করতে পারছে না। বিষয়টি ভেবে দেখার দাবী রাখে।